# উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় : উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৬ (বিবেচ্য জানুয়ারি/২০২৬) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : তানজিলা আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময়: ২৫/০২/২০২৬ খ্রি., বেলা-১২.০০ ঘটিকা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং পবিত্র মাহে রমজান মাসের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত জানুয়ারি/২০২৬ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, তাঁর বিভাগের স্বাস্থ্যসেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রেরিত কার্যপত্র অনুযায়ী জানুয়ারি/২০২৬ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৭৬ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪০৪৭ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৪.৫০। জানুয়ারি/২০২৬ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ২জন, আইইউডি ৩জন, ইমপ্লান্ট ০০ জন, খাবার বড়ি সেবনকারী ৮৬জন, কনডম গ্রহণকারী ১৪জন, ইনজেকশন গ্রহণকারী ৭২ জন, মোট গর্ভবতীর সংখ্যা ৯৯জন, গর্ভকালীন সেবা গ্রহণকারী ৪৭৫ জন, প্রসব সেবা ১০৫ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ১৬৩ জন, শিশু সেবাগ্রহণকারী ২৪৪৪জন, ইসিপি ০০ জন, কিশোর/কিশোরী সেবা ৫৮৬৯জন, পুষ্টি সেবা ২৭৮৫জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৯৫৫জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ২০২৫জন, মিসোপ্রোষ্টল ৬জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বোরো আবাদ হয়েছে ১০৪২০ হে. জমিতে। হাওরে বোরো সর্বোচ্চ কুশি পর্যায়ে ও নন-হাওরে ৫০% রিকভারী ও ৫০% কুশি পর্যায়ে রয়েছে। ভুট্টা আবাদ হয়েছে ৭০ হে. সরিষা আবাদ হয়েছে ১০০৫ হে. ও সবজি আবাদ হয়েছে ১৪৯৫ হে.। রবি অন্যান্য ফসলের আবাদ সন্তোষজনক। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপস্থিত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, কুরবানী পশুদের আগাম স্বাস্থ্য সেবা দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া, উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে তাড়াইল উপজেলার উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৬ ইং মাসের সমন্বয় সভায় অনুমোদিত "পরিশিষ্ট-ক" স্কীমসমূহ ০৩ (তিন) টি প্যাকেজে মোট ৮০,৫০,৬১৩.০০ (আশি লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত তের) টাকা e-Gp তে দরপত্র আহবান করা হয় যা দরপত্র | আলোচনার ১, ২ ও ৩নং এ বর্ণিত আলোচনার প্রেক্ষিতে বিধি মোতাবেক সম্পন্নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনার ৪নং ক্রমিকে বর্ণিত | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা |

CamScanner

<table>
<tr>
<td></td>
<td>মূল্যায়নের পর অনুমোদন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে NOA প্রদান করা হবে।<br>২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরে পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় রাউতি, দিগদাইড় ও দামিহা ইউনিয়ন পরিষদের মেরামতের দরপত্র e-Gp তে আহবান করা হয় যা দরপত্র মূল্যায়ন কমিটির নিকট মূল্যায়ন প্রক্রিয়াধীন।<br>৩। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৪২.০৪২.২০১১-৬০৭ তারিখ: ০৩-০২-২০২৬ খ্রি. স্মারক মূলে উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এর সীমানা প্রাচীর নির্মাণ বাবদ রাজস্ব তহবিলে ৭৮,৮৭,৮৩৯.৪৩ (আটাত্তর লক্ষ সাতাশি হাজার আটশত উনচল্লিশ টাকা তেতাল্লিশ পয়সা) অনুমোদন সাপেক্ষে e-Gp তে দরপত্র আহবান করা হয়েছে।<br>৪। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় "পরিশিষ্ট-ক" স্কীম টেন্ডার পরবর্তী অবশিষ্ট ৪.০০ লক্ষ টাকা নিম্নোক্ত স্কীম গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রস্তাব করেন।<br>ক) মেছগাঁও মোড় হতে আবাসন পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৪.০০ লক্ষ<br>৫। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় "পরিশিষ্ট-খ" স্কীমসমূহ প্রস্তাব করেন। পরিষদের সিদ্ধান্ত মোতাবেক e-Gp তে দরপত্র আহবান করা হবে।<br>৬। স্থানীয় জনগণের চাহিদা অনুযায়ী জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় নিম্নোক্ত স্কীমসমূহ উপজেলা উন্নয়ন ফান্ড হতে ব্যয়ের প্রস্তাব করেন-
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ</th><th>পদ্ধতি</th></tr>
<tr><td>১। ক) পোদ্দার পট্টি থেকে সদর ভূমি অফিস রাস্তা আরসিসি করণ (পার্ট-১)<br>খ) পোদ্দার পট্টি থেকে সদর ভূমি অফিস রাস্তা আরসিসি করণ (পার্ট-২)</td><td>৩০০০০০/<br>৭০,০০০/-</td><td>পিআইসি<br>পিআইসি</td></tr>
<tr><td>২। হাতকাজলা পূর্বপাড়া ধনুহাজীর ঘাট, দামিহা, ৫ নং ওয়ার্ডে নদীর পার্শ্বে ঘাটে গাইড ওয়াল নির্মাণ</td><td>২২৫০০০/</td><td>পিআইসি</td></tr>
<tr><td>৩। পশ্চিম সাচাইল মুকুট রঞ্জন দাস এর বাড়ির পাশে ড্রেইনের পানি নিষ্কাশনের কালভার্ট নির্মাণ</td><td>১২৫০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>৪। বেলংকা রোডে কালভার্ট নির্মাণ</td><td>৩০০০০০/-</td><td>পিআইসি</td></tr>
</table>
সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td>
<td>২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি' র পরিশিষ্ট 'ক' এর স্কীম পরবর্তী অবশিষ্ট ৪.০০ লক্ষ টাকার প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনার ৫নং ক্রমিকে বর্ণিত ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি' র পরিশিষ্ট 'খ' এর স্কীমসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনার ৬নং ক্রমিকে বর্ণিত প্রকল্পসমূহ বর্ণিত পদ্ধতি অনুসরণে উপজেলা উন্নয়ন ফান্ড হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>পরিষদ<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td>
</tr>
<tr>
<td>শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় বর্তমানে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>মৎস্য বিভাগ</td>
<td>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। ৪টি মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন করা হচ্ছে। জাতীয় মৎস্য পদক ২০২৬ মনোনয়নের লক্ষ্যে আগ্রহী মৎস্যচাষী/ব্যক্তি/সমিতি/গণমাধ্যম/সংগঠন/গবেষক/প্রতিষ্ঠান/সংস্থাকে প্রযোজ্য ফরম পূরণপূর্বক আগামী ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে মৎস্য অফিসে জমার জন্য সকলকে অনুরোধ করা হয়। তাছাড়া, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td>
<td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মৎস্য অফিসার</td>
</tr>
<tr>
<td>যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২২,৭৮,০০০/- টাকা ১০৪৭ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে ঋণ বিতরণের পরিমাণ ০০ টাকা এবং এ মাসে আদায়ের পরিমাণ ১,২১,০২৫/- টাকা। আদায়ের হার ৮১.৭০%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ৮৬৩৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বাজারের বিপরীতে মোট ১১টি টেন্ডার পাওয়া যায়। প্রাপ্ত টেন্ডার সমূহের প্রেক্ষিতে নীতিমালা মোতাবেক গঠিত দরপত্র উন্মুক্তকরণ কমিটি তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক দরপত্র মূল্যায়ন কমিটির নিকট পেশ করেন। তৎপ্রেক্ষিতে দরপত্র মূল্যায়ন কমিটি নীতিমালা মোতাবেক বিবেচ্য ৫টি বাজারের সর্বোচ্চ ডাককারীর অনুকূলে সর্বোচ্চ ইজারামূল্যে ইজারা প্রদানের জন্য সুপারিশ করে উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। সভায় এতদবিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা ২০২৫ এর ৫(১) মোতাবেক ইজারা অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>অবশিষ্ট ৪টি বাজার ১৪৩৩ বঙ্গাব্দে ইজারার লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ২য় ও ৩য় পর্যায়ে সিডিউল বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিবিধ | সভাপতি তার বক্তেব্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় সকলকলে ধন্যবাদ জ্ঞাপন করেন। সে সাথে পবিত্র মাহে রমজান মাসের ভাবগাম্ভীর্য ধরে রাখার জন্য সকলকে অনুরোধ করা হয়। তিনি নতুন সরকারের নির্দেশনা মোতাবেক দেশকে সামনের দিকে এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, উপজেলা পরিষদকে আরো সুন্দর ও প্রাণবন্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে বা বাহিরে সকল অফিস আঙ্গিনা নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। সেবা নিতে আসা জনগণকে স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের জন্য সকল বিভাগের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | সুষ্ঠুভাবে সকল বিভাগের কার্যক্রম পরিচালনায় জন্য এবং নিজ নিজ অফিস আঙ্গিনা পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ<br><br>সকল বিভাগের অফিস প্রধান<br>সকল ইউপি চেয়ারম্যান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানজিলা আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫-১৬৮

তারিখ-২৫/০২/২০২৬ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৫। উপজেলা ................................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।
০৬। চেয়ারম্যান (সকল) ....................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CamScanner